

যুগান্তর

অক্টোবর ২২, ২০১৩, মঙ্গলবার : কার্তিক ৭, ১৪২০

দক্ষিণ এশিয়ায় পানির নিরাপত্তা নিশ্চিত করা বড় চ্যালেঞ্জ

যুগান্তর রিপোর্ট

প্রকাশ : ২২ অক্টোবর, ২০১৩

বৃষ্টিপাতের ৪০ শতাংশ পানি কাজে লাগছে না। কারণ জলবায়ু পরিবর্তনের কারণে অসময়ে বৃষ্টিপাত হচ্ছে। পাশাপাশি সীমান্তসহ বিভিন্ন কারণে বাংলাদেশের পানির সমস্যা সমাধান করা যাচ্ছে না। যদিও খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং অর্থনীতির প্রবৃদ্ধির জন্য পানি খুবই দরকার। সোমবার দক্ষিণ এশিয়ায় মানব উন্নয়নের জন্য পানিশীর্ষক প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। রাজধানীর ব্র্যাক সেন্টারে রিপোর্টটি প্রকাশ করা হয়। পাকিস্তানের লাহোরভিত্তিক মাহবুব-উল হক মানব উন্নয়ন কেন্দ্র এ বছর মানব উন্নয়ন গবেষণা প্রতিবেদনটি বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করে। অনুষ্ঠানে সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান বলেন, বাংলাদেশের জলবায়ু পরিবর্তন হচ্ছে; সীমান্ত-সমস্যা রয়েছে। এসব কারণে বাংলাদেশেও পানির অনেক সমস্যা রয়েছে। তিনি আরও বলেন, পোস্ট এমজিও এজেন্ডায় পানি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি আরও বলেন, মানুষ বাড়ছে, কৃষি কার্যক্রম বাড়ছে, বাড়ছে শিল্পায়ন কিন্তু পানির ঘাটতি থেকেই যাচ্ছে।

ওই অনুষ্ঠানে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আইনুন নিশাত বলেন, ২০০৮ থেকে ২০১৩ সাল পর্যন্ত বৃষ্টিপাতের ৪০ শতাংশ কাজে লাগানো যায়নি। কারণ সময়মতো বৃষ্টিপাত হয়নি। তিনি আরও বলেন, পানি ব্যবস্থাপনার জন্য ১৫টি মন্ত্রণালয় ও সংস্থা কাজ করছে। কিন্তু সেভাবে অগ্রগতি হচ্ছে না শুধু সমন্বয়হীনতার কারণে। সিপিডির উপদেষ্টা ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, বিশ্বের ৪০ শতাংশ মানুষ পানি সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে; বাংলাদেশেও এই সমস্যা রয়েছে। তিনি বলেন দক্ষিণ এশিয়ার তুলনামূলক দুর্বল দেশগুলোর চেয়ে পানি উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশ পিছিয়ে আছে। অনুষ্ঠানে বক্তারা আরও বলেন, আন্তর্জাতিক পর্যায়ে থেকে অভ্যন্তরীণ পর্যায়ে পানির প্রাপ্যতা নিয়ে বৈষম্য আছে। পানি ব্যবস্থাপনার নামে অস্বচ্ছতা ও দুর্নীতি রয়েছে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম, সাবেক স্বাস্থ্যসচিব এ এসএম নাসির উদ্দিন।

প্রকাশিত রিপোর্টে মানব উন্নয়নে পানির সম্পৃক্ততা, মানব জীবিকার সঙ্গে পানির সম্পৃক্ততা, জলবাহিত নিরাপত্তাহীনতা, আঞ্চলিক পানি ব্যবস্থাপনার ওপর বিভিন্ন তথ্য প্রকাশ করা হয়।